

হাজী দানেশ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ

জেলা বার্তা পরিবেশক, দিনাজপুর

কৃষি বাণিজ্য ডিগ্রি বাতিল করে কৃষি অনুষদে অন্তর্ভুক্ত করার দাবিতে বিক্ষুব্ধ হয়ে উঠেছে দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা গত রোববার ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিনের কক্ষ ভাঙচুর ও উপাচার্যসহ প্রশাসনিক ভবন ২ ঘণ্টা অবরুদ্ধ করে রাখে।

শিক্ষার্থীদের অভিযোগ, ২০১৩ সালে বিশ্ববিদ্যালয়ের কৃষিবাণিজ্য ডিগ্রি চালু করে তৎকালীন উপাচার্য প্রফেসর রুহুল আমিন। কিন্তু এই অনুষদের শিক্ষার্থীদের বিভিন্ন চাকরির ক্ষেত্রে সুযোগ না থাকায় দীর্ঘদিন ধরে এই ডিগ্রি বাতিল করে কৃষি অনুষদে অন্তর্ভুক্ত করার দাবি করে আসছে শিক্ষার্থীরা। এরই জের ধরে রোববার সকালে তৎকালীন উপাচার্য ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন প্রফেসর রুহুল আমিনের কাছে যায় শিক্ষার্থীরা। এ সময় তার কক্ষে কয়েকজন শিক্ষক ছাত্রীদের অশালীন আচরণ ও মারধরের অভিযোগ এনে বাইরে এসে বিক্ষোভ শুরু করে।

বিক্ষুব্ধ শিক্ষার্থীরা প্রফেসর রুহুল আমিনের কক্ষ ভাঙচুর করে এবং বেলা ২টা থেকে উপাচার্যসহ প্রশাসনিক ভবনের বারান্দায় অবস্থান নেয়। আগামী ১৩ জুনের একাডেমিক কাউন্সিলের সভায় এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে-এমন আশ্বাসের প্রেক্ষিতে বিকেল ৪টায় শিক্ষার্থীরা অবরোধ তুলে নেয়।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আবুল কাশেম জানান, শিক্ষার্থীদের দাবির বিষয়টিকে গুরুত্ব দেয়া হচ্ছে এবং আগামী ১৩ জুনের একাডেমিক কাউন্সিলের সভায় বিষয়টি আলোচনা হবে।